

# কী সেবা কীভাবে পাবেন

## ৫। সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই;

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
০৬	১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয় ২. জেলা সমবায় কার্যালয় ৩. সমবায় অধিদপ্তর	সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই	১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক ২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক, ৩. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক	প্রতি সমবায় বর্ষে (জুন-জুলাই) সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাইয়ের বাধ্যবাধকতা রয়েছে। এই সেবা পেতে কোনো সমবায় সমিতিকে আবেদন করতে হয় না। জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক, কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত মূলধনের পরিমাণ ৫০,০০০/- টাকার উর্ধ্বে হলে জেলা সমবায় অফিসার এবং যেসমস্ত প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত মূলধন ৫০,০০০/- টাকার নিচে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার স্ব স্ব অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের প্রতিবছর এপ্রিল-মে মাসে অডিট অফিসার নিয়োগ/অডিট বরাদ্দ প্রদান করে থাকেন।  বরাদ্দপ্রাপ্ত বা নিয়োগকৃত অডিট অফিসার কর্তৃক অডিট নোটিশ জারি এবং নোটিশে উল্লিখিত নির্ধারিত সময়ে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই করে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাইয়ের প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট সমবায় অফিস ও সমিতির দপ্তরে প্রেরণ করেন।	৫-৭০ দিন	সম্পাদিত অডিট প্রতিবেদনে উল্লিখিত নিট লাভের অডিট ফি-১০% ধার্যকৃত অডিট ফি এর ওপর ভ্যাট ৫% সিডিএফ ৩%	১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) ২. সমবায় সমিতি বিধিমালা- ২০০৪	প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক, জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ